

## বাদী-সংবাদী-অনুবাদী-বিবাদী

### বাদী-স্বর

রাগ-রাগিণীতে ব্যবহৃত স্বরগুলির মধ্যে প্রধান স্বরটিকে বাদী স্বর বলে। ‘বাদী’ শব্দের বিশ্লেষণ হলো- ‘বদ্’ ধাতু + ‘ইন্’ প্রত্যয়। ‘বদ্’ ধাতুর অর্থ বলা। যে স্বরটি নিরন্তর গুঞ্জরিত হবে তাই বাদী স্বর। অর্থাৎ কোন রাগের মধ্যে প্রযুক্ত অন্যান্য সকল স্বরের তুলনায় যে স্বরটি বার বার স্পষ্টভাবে প্রযুক্ত হয়, যার পুনরাবৃত্তি ঘটে, তাকেই বাদী স্বর বলে। বাদী স্বরকে রাগের রাজা উপাধিতে ভূষিত করা হয়। কর্ণাটকী সংগীতে বাদী স্বরকে জীব-স্বরম্ বলে।

### সংবাদী-স্বর

‘সংবাদী’ শব্দের ব্যুৎপত্তি হলো- ‘সম্’ ‘বদ্’ ধাতু + ‘ইন্’ প্রত্যয়। এখানে ‘সম্’ শব্দের অর্থ সঙ্গতিপূর্ণ তুল্য ইত্যাদি। অতএব সংবাদী বলতে বোঝায় বাদী-স্বরের তুল্য সঙ্গতিপূর্ণ স্বর। রাগ-রাগিণীতে বাদী-স্বরের পরই সংবাদী স্বরের স্থান। এই স্বর বাদী স্বরের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে অবস্থান করে। বাদী স্বরের সঙ্গে সর্বদাই স্থির সম্পর্ক থাকবে সংবাদী স্বরের। এই সম্পর্ক হচ্ছে ৯ শ্রুতির তফাতে ষড়্জ-মধ্যম্ ভাব বা ‘সা-মা’ সম্পর্ক এবং ১৩ শ্রুতির তফাতে ষড়্জ-পঞ্চম্ ভাব বা ‘সা-পা’ সম্পর্ক।

### অনুবাদী-স্বর

যখন যে স্বরটি বাদী হবে, সেই অনুসারে তার সংবাদী ও বিবাদী স্বর ছাড়া বাকি স্বর গুলি হবে অনুবাদী-স্বর। অনুবাদী শব্দের ব্যাকরণগত বিশ্লেষণ হলো- ‘অনু’- ‘বদ্’ ধাতু + ‘ইন্’ প্রত্যয়। ‘অনু’ শব্দের নানা অর্থ হয়, যেমন- পশ্চাৎ, অধীন, সহিত, সমীপ, সদৃশ ইত্যাদি। ভারতীয় সংগীতের ক্ষেত্রে ‘অনু’ শব্দটির বোধহয় ‘অধীন’ অর্থে ব্যবহৃত হয়েছে। কারণ সংগীত-শাস্ত্রে অনুবাদী স্বরকে বাদী স্বরের পরিবার বলা হয়েছে। রাগকে প্রস্ফুটিত করার জন্য অনুবাদী স্বরের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনুবাদী স্বর বাদী ও সংবাদী স্বরের চাইতে কিছুটা কম প্রয়োগ হয়। যে কোন ৪-শ্রুতিক স্বরের অনুবাদী ৩-শ্রুতিক স্বর এবং ৩-শ্রুতিক স্বরের অনুবাদী ৪-শ্রুতিক স্বর। অর্থাৎ এক শ্রুতির পার্থক্যে অনুবাদী হচ্ছে। যদি পাশাপাশি স্বর না হয়, তাহলে ৪-শ্রুতিক ও ৩-শ্রুতিক স্বরের অনুবাদী হবে ২-শ্রুতিক স্বর।

### বিবাদী-স্বর

বিবাদী শব্দের ব্যাকরণগত বিশ্লেষণ হলো- ‘বি’- ‘বদ্’ ধাতু + ‘ইন্’ প্রত্যয়। এখানে ‘বি’ শব্দের অর্থ হল বিরোধ। বাদী শব্দের অর্থ আমরা জানি নিরন্তর গুঞ্জরিত হওয়া। সুতরাং বিবাদী শব্দের সাংগীতিক অর্থ হল-যে ধ্বনি বাদী স্বরের বিরোধিতা করে। তার মানে বাদী ও বিবাদী স্বর দুটি যদি একত্রে সমানভাবে বাজে, তাহলে বাদী স্বরটি আমাদের কানে প্রকটিত হবে না, কোলাহল সৃষ্টি হবে। কোন স্বর সংবাদী, অনুবাদী ও বিবাদী হবে তা নির্ভর করে, বাদী স্বর কোনটি তার ওপর। এক বাদী স্বরের বিবাদী, অন্য বাদী স্বরের বিবাদী হয় না। প্রাচীন শাস্ত্রানুসারে আরোহণ বা অবরোহণক্রমে বাদী স্বরের ২ শ্রুতির পরে যে স্বরটি থাকে সেটিই হয় বিবাদী স্বর।